

ঢাবিতে কার্যক্রম শুরু করল রাজনীতি চর্চার প্রকৃতি ও ধরন বিষয়ক বিশেষ কমিটি

ঢাকা
বিশ্ববিদ্যালয়
প্রতিনিধি

২৩ নভেম্বর,
২০২৪ ১৩:৪৫

শেয়ার

অ +

অ -



ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে রাজনীতি চর্চার প্রকৃতি ও ধরন বিষয়ে খ্যাতিমান ব্যক্তিবর্গের সমন্বয়ে গঠিত বিশেষ কমিটির কার্যক্রম শুরু হয়েছে। কমিটির প্রথম সভা আজ শনিবার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন সভাকক্ষে

অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এবং প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা সভায় উপস্থিত ছিলেন।

কমিটির আন্তর্ভুক্ত সুপ্রীম কোর্টের আপিল বিভাগের অবসরপ্রাপ্ত বিচারপতি মো. আব্দুল মতিন-এর সভাপতিত্বে সভায় কমিটির সদস্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন-এর সাবেক চেয়ারম্যান ও ঢাকা বিশ্ববিদ্যালয় উন্নিদিবিজ্ঞান বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. জেড.এন. তাহমিদা বেগম, বাংলা একাডেমির চেয়ারম্যান ও ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. আবুল কাসেম ফজলুল হক এবং ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. এস এম শামীম রেজা অংশগ্রহণ করেন।

আরো পড়ুন



বিনাইদেহে ২ ট্রাকের মুখোমুখি সংঘর্ষে প্রাণ গেল চালকের

ডাকসু নির্বাচন, আবাসিক হলে ছাত্র রাজনীতি, শিক্ষক-শিক্ষার্থী আন্তঃসম্পর্ক উন্নয়নসহ বিভিন্ন বিষয়ে প্রধান অংশীজনদের সঙ্গে আলোচনা, মতবিনিময় ও পরামর্শ গ্রহণের লক্ষ্যে একটি পরামর্শ বাক্স স্থাপন ও বিশেষ একটি ইমেইল খোলার ব্যাপারে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

আরো পড়ুন



খ্যাতি-টাকার মোহ নেই আমার : অর্চিতা স্পর্শিয়া

সভার সিদ্ধান্ত অনুযায়ী এই বিশেষ কমিটি বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থী, অ্যালামনাই, দেশের বিশিষ্ট নাগরিক, সাংবাদিক, ডাকসুর সাবেক নেতৃবৃন্দ, অভিভাবকসহ সকল অংশীজনের সঙ্গে আলোচনা ও মতবিনিময়ের মাধ্যমে ক্যাম্পাসে রাজনীতি চর্চার প্রকৃতি ও ধরন বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে প্রয়োজনীয় পরামর্শ ও সুপারিশ প্রদান করবে।